# 2024

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

## BENGALI

## ( Honours Core )

## Paper : BEN-HC-2016

## ( বাংলা ভাষা পরিচয় )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০

(ক) প্রাচীন বাংলা থেকে করণ কারকে 'এঁ' বিভক্তির একটি উদাহরণ দাও।

(খ) কাহ্ন > কানু—মধ্যবাংলার এই উদাহরণটি শব্দের ধ্বনিতাত্ত্বিক না রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য, লেখো।

(গ) বঙ্গালী উপভাষার অপিনিহিতির একটি উদাহরণ দাও।

(ঘ) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন আমরা কোন্ গ্রন্থে পাই?

(ঙ) বাংলা ভাষার একটি দন্ত্যমূলীয় ধ্বনির উদাহরণ দাও।

(চ) উচ্চারণের ক্ষেত্রে জিহ্বাকে ধ্বনিবিজ্ঞানীরা কয়টি অংশে ভাগ করেছেন?

(ছ) বাংলা ভাষায় সমীভবনমূলক ধ্বনি-পরিবর্তনের একটি উদাহরণ দাও।

(জ) "কৃষ্ণ>কেষ্ট। এই উদাহরণে মূল শব্দ থেকে পরিবর্তিত শব্দটি অর্ধতৎসম।" উক্তিটি শুদ্ধ না অশুদ্ধ?

(ঝ) 'মনুষ্য' থেকে বাংলায় 'মুনিস' শব্দটি এসেছে। এটি অর্থ-পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত?

(ঞ) বাংলা 'অমিয়' শব্দটির উৎস থেকে বিবর্তিত রূপটি লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) আদি মধ্য বাংলায় সর্বনাম পদের সঙ্গে কর্তৃকারকের বহুবচনে —'রা' বিভক্তি যুক্ত হত। এর দুটি উদাহরণ দাও।

(খ) কামরূপী (রাজবংশী) উপভাষার একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

(গ) ব্যঞ্জনধ্বনি কাকে বলে?

(ঘ) অভিশ্রুতি বলতে কী বোঝায়?

(ঙ) তৎসম শব্দের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) আদি মধ্য বাংলার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(খ) রাঢ়ী উপভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।



Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam * Acc. No. Date



(গ) ঘোষীভবন ও অঘোষীভবনের পার্থক্য নির্ণয় করো।

(ঘ) সমমুখ ধ্বনি-পরিবর্তনের স্বরূপ বুঝিয়ে লেখো।

(ঙ) অর্থসংক্রম বা অর্থসংশ্লেষ বলতে কী বোঝায়, উদাহরণসহ আলোচনা করো।

(চ) বাংলা ভাষার নিজস্ব তদ্ভব শব্দ সম্পর্কে যা জান, লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।

(গ) বাংলা সাধু ও চলিত ভাষার পার্থক্যগুলি উদাহরণসহ বুঝিয়ে লেখো।

(ঘ) বাংলা ভাষার শব্দে স্বরাগমের বিভিন্ন নিয়ম উপযুক্ত উদাহরণসহ তুলে ধরো।

(ঙ) স্বরধ্বনির শ্রেণিবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) বাংলা ভাষার শব্দের ক্ষেত্রে স্বরসঙ্গতি প্রক্রিয়া কীভাবে সংঘটিত হয় সে সম্পর্কে যা জান, লেখো।

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam * Acc. No. Date

(ছ) শব্দের অর্থ-পরিবর্তনের ভৌগোলিক ও ঐতিহাসিক কারণ সম্পর্কে বুঝিয়ে লেখো।

(জ) বাংলা ভাষার আগন্তুক বা কৃতঋণ শব্দ সম্পর্কে যথাযথ আলোচনা করো।

★ ★ ★

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam *
Acc. No.
Date